

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০০৮(অংশ-৪).১৭.

তারিখঃ /০৬/২০১৭খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়  
খাদ্য ভবন, ঢাকা।

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের অধীন উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহে কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়ের ব্যয় নির্বাহের লক্ষ্যে আর্থিক  
মঞ্জুরী প্রদান।

মহোদয়,

খাদ্য অধিদপ্তরের অধীন উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় সমূহে ০১টি করে ইউপিএসসহ ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের জন্য ২২/১২/২০১৬ তারিখের ১৩.০১.০০০০.১০০.৩৮.০০৯.১৬-১৪৮ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। তৎপ্রেক্ষিতে, বেশ কয়েকটি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় উক্ত নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করতঃ অর্থ মঞ্জুরীর জন্য আবেদন করেছেন। মহাপরিচালক মহোদয় নিম্নবর্ণিত উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহের অনুকূলে পার্শ্বে উল্লিখিত পরিমাণ টাকার আর্থিক মঞ্জুরীর অনুমোদন প্রদান করিয়াছেন।

ক্রঃ নং	উপজেলার নাম	জেলার নাম	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ
১	কুতুবদিয়া	কক্সবাজার	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
২	আগৈলঝাড়া	বরিশাল	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
সর্বমোট =			১,৮৯,৬০০.০০ (এক লাখ উননব্বই হাজার ছয়শত) টাকা

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং স্মারকে প্রদত্ত ক্ষমতা বলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে উল্লিখিত কার্যালয় সমূহের নামের পার্শ্বে বর্ণিত টাকার আর্থিক মঞ্জুরী প্রদান করা হলো।

উক্ত টাকা চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক কোড-৩/৪৮৩১/০০০১/৬৮১৫ কম্পিউটার ও যন্ত্রাংশ খাত হতে মিটানো হবে। মঞ্জুরীকৃত টাকার আর্থিক বরাদ্দপত্র পরিচালক, হিসাব ও অর্থ জরী করবেন। উক্ত মঞ্জুরীকৃত টাকা সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ আয়ন-ব্যয়ন করবেন। সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (ডিডিও) সরকারি প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ পূর্বক ব্যয় নির্বাহ করবেন। এতদসংক্রান্ত যাবতীয় বিল ভাউচার ও রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করবেন।

এতে মহাপরিচালক এর অনুমোদন রয়েছে।



(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট

ফোনঃ ০২-৪৭১১০৬৯৮

sys@dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০০৮(অংশ-৪).১৭.

৮৮/২ (৪২)

তারিখঃ ১৫/০৬/২০১৭খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিষয়টি জরুরী বিবেচনা করে বরাদ্দপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/বরিশাল।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....।
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,.....জেলা.....।
- ৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....জেলা.....।
- ৭। অফিস কপি।



(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট